

আমি সাক্ষ্য দিচ্ছি যে

মুহম্মদ নূরুল হুদা

আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমিই ৭ই মার্চ, উনিশশ একাত্তর।
এই মরলোক যদিও আমার দৃশ্যমান আঁতুরঘর,
অনন্তকালের অনন্তলোকে আমি অনন্তঅমর।
আমার মানবসূত্র চিরজীবিত বঙ্গবন্ধু শেখ মুজিবর।

আমি সাক্ষ্য দিচ্ছি যে, বঙ্গবন্ধু বাঙালির জাতির জনক;
আমি সাক্ষ্য দিচ্ছি যে, জাতিমুক্তির পাঠ নিয়ে
বিশ্বকে তিনি দিয়েছেন মানবমুক্তির সুষম সবক।
'স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?'
মুক্তপৃথিবীর মুক্তমানুষ আজ অবাক তাকায়
জাতিরাত্ত্র বাংলাদেশের লালসবুজ পতাকায়।

আমি সাক্ষ্য দিচ্ছি যে,
৭ই মার্চের স্বাধীনতামঞ্চে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ঘোষণা,
বিশ্বব্যাপী জাতিরাত্ত্রের শৃঙ্খলমুক্তির প্রমিত প্রণোদনা।
আমি সাক্ষ্য দিচ্ছি যে,
৭ই মার্চের সংগ্রাম বিশ্বব্যাপী সব মানুষের মুক্তির সংগ্রাম;
৭ই মার্চের সংগ্রাম সকল জাতিরাত্ত্রের স্বাধীনতার সংগ্রাম।

আমি সাক্ষ্য দিচ্ছি যে,
আমি অতীত-বর্তমান-ভবিষ্যতের বিবর্তনপ্রবণ নবায়ন;
কাল থেকে কালান্তরে আমি ত্রিকালজ্ঞের ত্রিবেণী-সঙ্গম;
আমি বিশ্বের তাবৎ প্রাণী ও প্রাণসত্তার প্রমূর্ততার প্রতীক;
আমি মহাকালের মহাঘড়ি; আমি বেজে চলেছি টিকটিক।

আমি বাংলার জয়, বাঙালির জয়; আমি চিরকাল শুভসময়।
মহাবিশ্বের মহামানবের মহাকালের জয়, আমি মানবসময়।